# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, অলীগণ কি গায়েব জানে এবং তারা কি মৃতদের জীবিত করতে পারে?

উত্তর: বল, আল্লাহ ছাড়া অন্য কেউ গায়েব জানে না এবং আল্লাহ ছাড়া অন্য কেউ মৃতদের জীবিত করতে পারে না। দলীল হলো, আল্লাহ তাআলার বাণী:

﴿وَلَوۡ كُنتُ أَعۡلَمُ ٱلۡغَيۡبَ لَٱسۡتَكۡثَرۡتُ مِنَ ٱلۡخَيۡرِ وَمَا مَسَّنِيَ ٱلسُّوٓءُۚ ١٨٨﴾ [الاعراف: ١٨٧]

“আর আমি যদি গায়েব জানতাম তাহলে অধিক কল্যাণ লাভ করতাম এবং আমাকে কোনো ক্ষতি স্পর্শ করত না”। [সূরা আল-আরাফ, আয়াত: ১৮৮] অতএব সর্বোত্তম মাখলুক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন গায়েব জানেন না, তিনি ছাড়া অন্য কেউ গায়েব না জানা অধিক উত্তম ও শ্রেয়।

চার ইমাম একমত যে, যে ব্যক্তি বিশ্বাস করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গায়েব জানতেন অথবা মৃতদের জীবিত করতেন, সে ইসলাম থেকে বের হয়ে মুরতাদ হয়ে গেল। কারণ, সে আল্লাহকে মিথ্যুক সাব্যস্ত করল, যিনি স্বীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিন ও মানুষের জন্য এ ঘোষণা দিতে নির্দেশ দিয়েছেন,

﴿قُل لَّآ أَقُولُ لَكُمۡ عِندِي خَزَآئِنُ ٱللَّهِ وَلَآ أَعۡلَمُ ٱلۡغَيۡبَ وَلَآ أَقُولُ لَكُمۡ إِنِّي مَلَكٌۖ إِنۡ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰٓ إِلَيَّۚ قُلۡ هَلۡ يَسۡتَوِي ٱلۡأَعۡمَىٰ وَٱلۡبَصِيرُۚ أَفَلَا تَتَفَكَّرُونَ ٥٠﴾ [الانعام: ٥٠]

“বল, আমি তোমাদেরকে বলি না, আমার নিকট আল্লাহর ভাণ্ডারসমূহ রয়েছে। আর আমি গায়েবও জানি না। আমি তোমাদেরকে বলি না যে, আমি ফিরিশতা। আমার নিকট যা অহী করা হয় তা ব্যতীত আমি অন্য কিছুর অনুসরণ করি না”। [সূরা আল-আনআম, আয়াত: ৫০] তিনি আরো বলেন,

﴿إِنَّ ٱللَّهَ عِندَهُۥ عِلۡمُ ٱلسَّاعَةِ وَيُنَزِّلُ ٱلۡغَيۡثَ وَيَعۡلَمُ مَا فِي ٱلۡأَرۡحَامِۖ وَمَا تَدۡرِي نَفۡسٞ مَّاذَا تَكۡسِبُ غَدٗاۖ وَمَا تَدۡرِي نَفۡسُۢ بِأَيِّ أَرۡضٖ تَمُوتُۚ إِنَّ ٱللَّهَ عَلِيمٌ خَبِيرُۢ ٣٤﴾ [لقمان: ٣٤]

“নিশ্চয় আল্লাহর নিকট কিয়ামতের জ্ঞান রয়েছে। আর তিনি বৃষ্টি বর্ষণ করেন এবং জরায়ূতে যা আছে, তা তিনি জানেন। আর কেউ জানে না আগামীকাল সে কী উপার্জন করবে এবং কেউ জানে না কোন স্থানে সে মারা যাবে। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, সম্যক অবহিত”। [সূরা লুকমান, আয়াত: ৩৪] অতএব আল্লাহ তা‘আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট যা অহী করেছেন ও তিনি তাকে যা শিখিয়েছেন তা ছাড়া তিনি গায়েব জানেন না। অনুরূপ তিনি কখনো এ দাবি করেননি যে, তাঁর যেসব সাহাবী অথবা তাঁর যেসব সন্তান ইতিপূর্বে মারা গেছেন, তাদের কাউকে জীবিত করেছেন। অতএব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছাড়া অন্যদের পক্ষে কিভাবে গায়েব জানা সম্ভব?

Source — https://www.hadithbd.com/books/link/?id=9966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন